KNOW YOUR RIGHTS

With Law Enforcement

সারাংশ

- আপনার নীরব থাকার এবং আইন প্রয়োগকারীর যেকোনো প্রশ্নের উত্তর দিতে অস্বীকার করার পূর্ণ অধিকার রয়েছে।
- আইন প্রয়োগকারী এজেন্টদের কাছে আপনার বাড়িতে প্রবেশ এবং সার্চ করার জন্য অবশ্যই একজন বিচারকের স্বাক্ষর দেয়া একটি সঠিক সার্চ ওয়ারেন্ট থাকতে হবে।
- যারা নাগরিক নন তাদেরকে তাদের ইমিগ্রেশন স্ট্যাটাস সংক্রান্ত প্রশ্নের উত্তর দিতে হবে না। নিজের নাগরিকত্ব নিয়ে মিথ্যা বলবেন না বা নকল কাগজপত্র দেখাবেন না।
- যদি আপনাকে গ্রেফতার করা হয়, একজন আইনজীবীর সাথে কথা বলার জন্য অনুরোধ করুন এবং একজন আইনজীবীর সাথে দেখা হওয়ার আগ পর্যন্ত পুলিশের সাথে কথা বলবেন না।
- পুলিশের দ্বারা বৈষম্য বা হয়রানি সিএআইআর-এর কাছে রিপোর্ট করুন।

এই তথ্য আইনি পরামর্শ বিবেচনা করা উচিত নয়।

WWW.CAIR.COM

KNOW YOUR RIGHTS

With Law Enforcement

CAIR

Council on American-Islamic Relations

KNOW YOUR RIGHTS

আপনি যখন কোন আইন প্রয়োগকারী ব্যক্তির মুখোমুখি হন তখন আপনার অধিকার

+ আপনার চুপ করে থাকার এবং আইন প্রয়োগকারীর (স্থানীয়, রাষ্ট্রীয়, বা যুক্তরাষ্ট্রীয়) যেকোনো প্রশ্নের উত্তর দিতে অস্বীকার করার পূর্ণ অধিকার রয়েছে। আপনার প্রশ্নের উত্তর না দেওয়াটা আপনার বিরুদ্ধে ব্যবহার করা যাবে না বা এমন ভাবা যাবে না যে আপনি কিছু একটা লুকানোর চেষ্টা করছেন। আইন প্রয়োগকারী ব্যক্তি হয়তো আপনার কাছে সনাক্তকরণ বা গাড়ির নিবন্ধন সংক্রান্ত তথ্য চাইতে পারে। কিন্তু খুব সংক্ষিপ্ত সময়ের জন্য আপনার গাড়ি থামানো হবে, এবং আপনাকে আর কোনো প্রশ্নের উত্তর দিতে হবে না।
+ আপনার আরো অধিকার রয়েছে যে আপনি যখন আইন প্রয়োগকারীর (স্থানীয়, রাষ্ট্রীয়, বা যুক্তরাষ্ট্রীয়) সাথে কথা বলবেন তখন একজন আইনজীবীকে আপনার সাথে রাখতে পারেন, আপনি গ্রেফতার না হলেও বা কোনো আইনি সমস্যায় না পড়লেও। এই অধিকারগুলো নাগরিকত্ব নির্বিশেষে সব ধরণের মানুষের জন্য প্রযোজ্য।
+ যারা নাগরিক নন তাদেরকে তাদের ইমিগ্রেশন সংক্রান্ত প্রশ্নের উত্তর দিতে হবে না। নিজের নাগরিকত্ব নিয়ে মিথ্যা বলবেন না বা নকল কাগজপত্র দেখাবেন না। মিথ্যা সনাক্তকারী ডকুমেন্টস বহন করবেন না।
+ আইন প্রয়োগকারীর কাছে আপনার বাড়িতে প্রবেশের জন্য অবশ্যই একটি সার্চ ওয়ারেন্ট থাকতে হবে। যদি তারা বলে যে তাদের কাছে ওয়ারেন্ট রয়েছে, বাড়িতে তাদেরকে প্রবেশ করতে দেওয়ার পূর্বে ওয়ারেন্টটি দেখানোর জন্য অনুরোধ (জানালা দিয়ে ডকুমেন্ট দেখান, দরজার নিচ দিয়ে ডকুমেন্ট দিন, ইত্যাদি) করুন। ওয়ারেন্টটিতে ঠিক কোন বিষয়গুলো খুঁজে দেখা যাবে তা উল্লেখ থাকবে এবং অবশ্যই একজন বিচারকের স্বাক্ষর থাকতে হবে। যদি ওয়ারেন্টটি অসম্পূর্ণ থাকে বা আপনি কোনো ভুল দেখতে পান, আপনি বলুন যে "আমি খোঁজার জন্য অনুমতি দিচ্ছি না।" বিনীত এবং শান্ত থাকুন এবং মনে রাখবেন যে আপনার চুপ করে থাকার অধিকার রয়েছে। যদি আপনার একজন আইনজীবী থাকে, আপনার আইনজীবীর সাথে শীঘ্রই যোগাযোগ করুন এবং খোঁজার সময় তাদের সাথে ফোনে থাকুন। কী নেওয়া হচ্ছে এবং কোন জায়গাগুলো খুঁজে দেখা হচ্ছে তা লিখে রাখুন, বা ভিডিও করে রাখুন কিন্তু খোঁজার সময় বাধা দেবেন না। একটা সার্চ ওয়ারেন্ট আইন প্রয়োগকারীকে আপনাকে গ্রেফতার করার অনুমতি দেয় না। কিন্তু, খুঁজে পাওয়া জিনিসের ভিত্তিতে তারা আপনাকে গ্রেফতার করতে পারে। গ্রেফতার করা ঠেকাতে যাবেন না।
+ মিথ্যা বলা, ভুল তথ্য দেওয়া, বা আইন প্রয়োগকারীকে অসঙ্গত জবানবন্দি দেওয়া এক ধরণের অপরাধ এবং কোনো অবস্থাতেই এটা করা উচিত হবে না।

আপনার কাছে আইন প্রয়োগকারী এগিয়ে আসলে আপনার কী করা উচিত:

+ বাড়িতে হলে, তাদের সাথে কথা বলার আগে বাইরে আসুন এবং আপনার পেছনে দরজা লাগিয়ে দিন।
+ কর্মস্থল হলে, আপনার ব্যক্তিগত কাজের স্থান হতে তাদেরকে সরিয়ে নিন।
+ আপনাকে ফোন করা হলে, একটি নীরব স্থানে যান।
+ অফিসার বা এজেন্টের কাছে তাদের বিজনেস কার্ড চান বা এজেন্সির নাম, অফিসার/এজেন্সির নাম, ফোন এবং ই-মেইল জানুন।
+ তারপর ভদ্রভাবে বলুন যে "আমার আইনজীবী আপনার সাথে যোগাযোগ করবে" এবং কথা বলা বন্ধ করুন।
+ আইনি সহায়তার জন্য দ্রুত সিএআইআর-এর সাথে যোগাযোগ করুন।

আপনার কাছে যদি জনসাধারণ্যে আইন প্রয়োগকারী এগিয়ে আসে তাহলে আপনার কী করা উচিত:



+ আপনি পায়ে হেঁটে যাওয়ার সময় যদি আপনাকে থামানো হয়, আপনাকে কোনো প্রশ্নের জবাব দিতে হবে না, কিন্তু আপনার কাছে চাওয়া হলে আপনার নাম, ঠিকানা, এবং বয়স (এবং আইডি যদি আপনার কাছে খোঁজা হয়) জানাতে হবে যেটা হয়তো আপনাকে গ্রেফতার হওয়া এড়াতে সাহায্য করতে পারে।
+ একজন অফিসারকে না বলে আপনি ব্যাগ বা পকেটে হাত ঢুকাবেন না (তারা ভাবতে পারে যে আপনি হয়তো কোনো অস্ত্র বের করছেন)।

যদি আপনাকে গ্রেফতার করা হয়:

+ যদি আপনাকে গ্রেফতার করা হয়, আপনাকে এবং আপনার আশেপাশের এলাকা সার্চ করার অধিকার পুলিশের রয়েছে। কিন্তু, আপনার শান্তভাবে এবং পরিষ্কারভাবে বলা উচিত, "আমি খোঁজার জন্য অনুমতি দিচ্ছি না।"
+ অফিসারের আপনাকে আপনার মিরান্ডা অধিকারগুলো পড়ে শোনাতে হবে, যার মধ্যে আপনার নীরব থাকার এবং আইনজীবী নেওয়ার অধিকারের কথা রয়েছে। আপনার নীরব থাকার অধিকার বজায় রাখার জন্য, আপনার বলা উচিত, "আমি চুপ করে থাকতে চাই।" নীরব থাকাটা আপনার বিরুদ্ধে ব্যবহার করা যাবে না। আপনাকে অবশ্যই পরিষ্কারভাবে আপনার আইনজীবীর অধিকারের কথা উল্লেখ করতে হবে এবং বলতে হবে যে "আমি একজন আইনজীবীর সাথে কথা বলতে চাই।" আপনার বয়স যদি ১৮ বছরের কম হয়, আপনি আপনার বাবা-মা বা অভিভাবকের সাথে কথা বলার ইচ্ছাও প্রকাশ করতে পারেন। একবার আপনার অধিকারগুলো উল্লেখ করার পর, একজন আইনজীবীর সাথে দেখা না হওয়া পর্যন্ত পুলিশের সাথে কথা বলবেন না।
+ আপনার অফিসারের নাম এবং ব্যাজ নম্বর জিজ্ঞেস করার অধিকার রয়েছে। পুলিশ দেখতে পায় এমন জায়গায় আপনার হাত রাখুন। থামানোর, পালানোর, বা পুলিশ অফিসারকে ধরার চেষ্টা করবেন না। শান্ত থাকুন এবং তর্ক করবেন না। আপনাকে যদি পুলিশের গাড়ির কাছে বা ভেতরে রাখা হয়, এবং পুলিশ অফিসার আপনার সামনে না থাকলেও এবং আপাতদৃষ্টিতে আপনার নিজেকে একা মনে হলেও, মনে রাখবেন যে আপনি যা-ই বলেন না কেন তা রেকর্ড করা হতে পারে।
+ কোনো মিথ্যা তথ্য দেবেন না।
+ আপনার কাছে সেলফোন থাকলে, আইন প্রয়োগকারী একটি ওয়ারেন্ট ছাড়া বা আপনার অনুমতি ব্যতীত সে যন্ত্রটি সার্চ করার অনুমতি পাবে না।